



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল

এবং

সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৪
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫



দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

- ১। বিইপিআরসি'র গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে BEPRC Innovation Guideline -2023, Incubation, Entrepreneurship এবং BEPRC Lab Financing Guideline প্রণয়ন। এছাড়া জাতীয় গবেষণাগার স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সাথে বিইপিআরসি'র সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এর আলোকে একটি Agreement প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে।
- ২। ০৮ টি গবেষণা প্রকল্পে অর্থায়ন করা হয়েছে।
- ৩। ইউকল ও বিইপিআরসি'র যৌথ অর্থায়নে Solar Irrigation এবং বুয়েট এর EEE বিভাগের সাথে BEMS প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।
- ৪। আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ এর পদার্থ বিজ্ঞান বিভাগের নিউক্লিয়ার রিসার্চ সেন্টার আধুনিকায়নের উদ্দেশ্যে ০১ (এক) টি গাইগার মূলার কাউন্টার (G.M. Counter) স্থাপন করা হয়েছে।
- ৫। বুয়েটের EEE বিভাগের Power System Lab এর সুযোগ সুবিধা বৃদ্ধি ও আধুনিকায়নে Modern Power System Simulator সফটওয়্যার ক্রয়ে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।
- ৬। 'বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিলের কর্মচারী চাকরি প্রতিধানমালা-২০২১' প্রণয়ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সমস্যাসমূহ:

- ১। প্রোগ্রাম সলিসিটেশনে নিয়মিতভাবে পর্যাপ্ত মানসম্মত প্রকল্প প্রস্তাব প্রাপ্তি;

চ্যালেঞ্জসমূহ:

- ১। জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষক ও বিজ্ঞানীদের বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত গবেষণা কাজে সম্পৃক্তকরণ;
- ২। গবেষণায় ব্যবহৃত যন্ত্রপাতি ক্রয়ে প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের দীর্ঘসুত্রিতা;

ভবিষ্যৎ পরিকল্পনা:

- ১। জাতীয় এবং আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠানের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখা;
- ২। কাউন্সিল কর্তৃক তহবিলের যে কোন গবেষণার ফলাফল সম্পর্কে পেটেন্ট বিষয়সমূহ নিশ্চিতকরণ;
- ৩। ওয়েব পোর্টালের মাধ্যমে গবেষণা কাজ সমন্বয়, নিরীক্ষণ ও মূল্যায়ন;
- ৪। সম্ভাবনাময় সমাপ্ত উদ্ভাবনী প্রকল্পগুলোকে ইনকিউবেশনের আওতায় আনয়ন;
- ৫। দেশে-বিদেশে অবস্থানরত বিশেষজ্ঞদের গবেষণায় সম্পৃক্তকরণ;
- ৬। সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয়সমূহে সেমিনার আয়োজন এবং BEPRC এর কার্যক্রম অবহিতকরণ;

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- বিদ্যুৎ ও জ্বালানি বিষয়ক প্রায়োগিক গবেষণা প্রকল্পে গবেষণা মঞ্জুরী প্রদান;
- গবেষণা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ওয়েব পোর্টাল হালনাগাদকরণ;
- দেশে এবং বিদেশে অবস্থানরত বাংলাদেশী গবেষকদের হালনাগাদকৃত তালিকা প্রণয়ন এবং
- বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানের গবেষণাগার স্থাপন ও উন্নয়নে অর্থায়ন।

